

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রাণীনগর, নওগাঁ
www.raninagar.naogaon.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৬৪৮৫.০০.১০.০০২.২৩- ৬৮৪

তারিখ: ২২ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ
০৬ জুলাই, ২০২৩ খ্রিস্টাব্দ


বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার জাতীয় প্রতিযোগিতা আয়োজন করা হয়েছে। রাণীনগর উপজেলার সকল স্কুল-কলেজ, মাদ্রাসা, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান এবং বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ০৩ টি গ্রুপে (ক. প্রাথমিক ও সমপর্যায়, খ. মাধ্যমিক ও সমপর্যায় এবং গ. তদুর্ধ্ব) উল্লিখিত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হল।

প্রতিযোগিতার নিয়মাবলী

- ক) ভিডিওটি প্রস্তুত করে নিম্নে প্রদত্ত ই-মেইল/পেন ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, এর নিকট আগামী ১৬ জুলাই ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;
- খ) ভিডিও ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;
- গ) মোবাইলে ভিডিও ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে;
- ঘ) ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক ;
- ঙ) ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;
- চ) ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;
- ছ) কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;
- জ) ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে;
- ঝ) ভিডিও সম্পাদনা সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;
- ঞ) ভিডিওটির মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে; এবং
- ট) ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।

যোগাযোগ: কামরুজ্জামান, সহকারী প্রোগ্রামার, আইসিটি, রাণীনগর, নওগাঁ, মোবাইল নম্বর-০১৭৫৫-৩৩০৩৬৮, ই-মেইল- doictraningar@gmail.com



শাহাদাত হুসেইন

উপজেলা নির্বাহী অফিসার

রাণীনগর, নওগাঁ

ফোন- ০২৫৮৮৮৮৬৬০১

ই-মেইল- unoraninagar@mopa.gov.bd

বিতরণ: (সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য, ৫১ নওগাঁ-৬।

০২। জেলা প্রশাসক, নওগাঁ।

০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাণীনগর, নওগাঁ।

০৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাণীনগর, নওগাঁ।

০৫। সহকারী কমিশনার (ভূমি)।

০৬। উপজেলা-----অফিসার, রাণীনগর, নওগাঁ।

০৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাণীনগর, নওগাঁ (তাকে বিজ্ঞপ্তি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হলো)।

০৮। উপজেলা শিক্ষা অফিসার, রাণীনগর, নওগাঁ (তাকে বিজ্ঞপ্তি প্রাথমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো হলো)।

০৯। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাণীনগর, নওগাঁ। (তাকে বিজ্ঞপ্তি ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ জানানো হলো)।

১০। চেয়ারম্যান-----ইউপি (সকল)।

১১। অফিস কপি/নোটিশ বোর্ড এ কার্যালয়।